বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ 07 JAN 1989
পৃষ্ঠা 4 কলাম 1

০১

## এইচ, এস, সি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্যদের প্রসঙ্গে—

বেশ কয়েকদিন যাবৎ 'সংবাদ'-এ গত এইচ, এস, সি পরীক্ষায় সর্বমোট ভাল নম্বর পেয়েও অকৃতকার্য ছাত্রদের আর্তি প্রকাশিত হচ্ছে। পক্ষান্তরে যাদের উদ্দেশ্যে এসব চিঠি মনে হয় তারা যথারীতি চোখে এঁটেছেন কালো চশমা, কানে দিয়েছেন তুলো। একটি ছাত্রের একটি বিষয়ে খারাপ হবার হাজারটি কারণ থাকতে পারে। তাই বলে তাকে পাশ করে যাওয়া অন্য সব বিষয়ে আবারো পরীক্ষা দিতে হবে এ কেমন যুক্তির কথা? আইন আমাদেরকে প্রতিদিন প্রতিক্ষণ সংশোধন করছে, কিন্তু আইনের সংশোধন যারা করে থাকেন তারা নীরব; কেন? তাদের এই নীরবতা আমাকে ভাবতে বাধ্য করে যে, এরা সবাই তথাকথিত হবু চন্দ্র রাজা এবং গবু চন্দ্র মন্ত্রীর বংশধর। আমি নতুন কোন প্রস্তাবনা নিয়ে হাজির হইনি। যে দুটো প্রস্তাব নিয়ে দীর্ঘদিন যাবৎ ব্যাপক আলোচনা হচ্ছে তারই কোন একটির সফল বাস্তবায়ন ঘটান। তবে আবারো বোর্ড কর্তৃপক্ষকে দোহাই দিচ্ছি, একে সাময়িক হারাচিরা মনে করে বাতি নিভিয়ে শুয়ে পড়বেন না যেন।

তুশীষ ঘোষ,
ঢাকা।

## কোন কেন্দ্রের সকল পরীক্ষার্থী নকল করে না

সরিষাবাড়ী পরীক্ষা কেন্দ্রে ১৯৮৮ ইং সালের অনুষ্ঠিত ডিগ্রী পরীক্ষা বাতিল করা হয়েছে। এর ফলে নিরীহ পরীক্ষার্থীরা মারাত্মক ক্ষতির সম্মুখীন হয়েছে—যা বলাই বাহুল্য। যারা নকল করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে কারো আপত্তি থাকার কথা নয়, কিন্তু ঢালাওভাবে নকল পরীক্ষা বাতিল করা হলে কেন্দ্রের সকলেই ক্ষতিগ্রস্ত হতে বাধ্য। কারণ, একটি কেন্দ্রে সকল পরীক্ষার্থী নকলের সাথে জড়িত থাকতে পারে না। কাজেই ন্যায় বিচারের স্বার্থে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করে বিকল্প ব্যবস্থা গ্রহণের জন্য আকুল আবেদন জানাচ্ছি।

মো: আবুল মনসুর (পরীক্ষার্থী), সরিষাবাড়ী কলেজ, সিমলা বাজার, সরিষাবাড়ী, জামালপুর।